ইত্তেফাক

তারিখ ... ২৪।১১।৭৯
পৃষ্ঠা... ২ কলাম ৭

## টেক্সট বুক বোর্ড সমীপে

বাংলাদেশ স্কুল টেক্সট বুক বোর্ডের ৪৮ নং বিজ্ঞপ্তি অনুযায়ী এজেন্সি লাভ করিতে হইলে অভিজ্ঞতাসম্পন্ন লাইব্রেরিয়ানকে স্থানীয় এম, পি, থানা ও জেলা শিক্ষা কর্মকর্তা, সার্কেল অফিসার ও মহকুমা প্রশাসকের সত্যায়নপ্রাপ্ত দরখাস্তের মাধ্যমে বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হয়।

প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে, কুমিল্লা জেলার মুরাদনগর থানাধীন ২১ নং পাহাড়পুর (দঃ) ইউনিয়নস্থিত পান্তি বাজারে মোকামকে কেন্দ্র করিয়া 'নিলুফা বুক ডিপো' নামে একটা লাইব্রেরীর এজেন্সী লাভের জন্য আবেদন করিয়াছে। উক্ত আবেদনপত্রের বোর্ডের ক্রমিক নং ১৯৮৬।

উল্লেখ্য যে, এই নামের কোন লাইব্রেরী পান্তি বাজারে নাই এবং অতীতেও ছিল না। উক্ত বাজারে দুইটি লাইব্রেরী আছে যথা, "জাকির বই বিতান" ও "ফারুক বুকডিপো"।

আমরা এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ ও আশু প্রতিকার কামনা করিতেছি।

এলাকাবাসীর পক্ষে মোঃ জাহাঙ্গীর আলম, পাহাড়পুর, মুরাদনগর, কুমিল্লা।

075